



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বাংলা নববর্ষ উদযাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৪ এপ্রিল ২০২৪খ্রিঃ

বর্ণিল আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয় উদযাপন করেছে বাংলা নববর্ষ ১৪৩১। নতুন বছরকে স্বাগত জানাতে সকাল ১০:৩০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠিত হয় এক বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার নেতৃত্বে বিশ্ববিদ্যালয় পরিবারের অংশগ্রহণে অনুষ্ঠিত বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রাটি প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয় সংলগ্ন বরিশাল-পটুয়াখালী মহাসড়ক হয়ে পুনরায় প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়। মঙ্গল শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। শোভাযাত্রা শেষে উপাচার্য মহোদয় সকলকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বলেন, পহেলা বৈশাখ বাঙালির একটি সর্বজনীন উৎসব। জাতি, ধর্ম-বর্ণ নির্বিশেষে এদিন পুরো বাঙালি জাতি মেতে ওঠে সম্প্রীতি, সৌহার্দ্য, আনন্দ ও ভালোবাসার মেলবন্ধনে। পহেলা বৈশাখ বাঙালিয়ানার প্রতিচ্ছবি। সকল প্রকার অসাম্প্রদায়িকতার চর্চা ও অপশক্তির বিরুদ্ধে লড়াইয়ে প্রেরণা জোগায় পহেলা বৈশাখ। নতুন বছর সকলের জন্য মঙ্গল বয়ে আনুক এ প্রত্যাশা ব্যক্ত করেন উপাচার্য মহোদয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৪-৮ ১৯শ্রু ৮

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়